দৈনিক সংবাদ

45

তারিখ ... OCT. 12.1999
পৃষ্ঠা 8 কলাম 3

## কমলগঞ্জ থানার নারী শিক্ষা আজ হুমকির সম্মুখীন

মৌলভীবাজার জেলার কমলগঞ্জ থানা ও থানা সদরের নারীরা আজ বখাটে যুবকদের হাতে জিম্মি। বখাটে যুবকদের অপতৎপরতা দিন দিন এত বেশি বৃদ্ধি পেয়েছে যে, স্কুল-কলেজগামী ছাত্রীরা বাসা-বাড়ি থেকে বের হতেই ভয় পাচ্ছে।

সম্প্রতিকালে স্কুল-কলেজগামী ছাত্রীদের উত্যক্ত করার প্রবণতা মাত্রাতিরিক্তভাবে বেড়ে গেছে। এ নিয়ে ছাত্রীদের অভিভাবকবৃন্দ চিন্তিত। কিন্তু পুলিশ প্রশাসন এ ব্যাপারে নির্বিকার। বখাটেরা নতুন নতুন পদ্ধতিতে অভিনব কায়দায় মেয়েদের উত্যক্ত করছে। এজন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে দৈনন্দিন উপস্থিতির হারও কমতে শুরু করেছে। বখাটে যুবকরা নানা স্থানে তাদের কাজ নির্ভয়ে চালিয়ে যাচ্ছে। যেমন ঃ থানা ও থানা সদরের প্রায় প্রত্যেকটি রাস্তার মোড়ে, ব্রিজ, বিভিন্ন এলাকার দোকানপাটে, বিভিন্ন বিপণি বিতানে, হাসপাতাল ও পোস্ট অফিসের সামনে, কমলগঞ্জ বালিকা বহুমুখী উচ্চ বিদ্যালয়ের সামনের চা দোকানে, ভানুগাছ ও কমলগঞ্জ- এ দু' চৌমুহনীতে বেশিরভাগ সময়ই এসব বখাটে যুবকরা বসে আড্ডায় মেতে থাকে এবং অভিনব কায়দায় মহিলা বা ছাত্রীদের দেখলেই শুরু হয় অশ্লীল ইঙ্গিত করা, শীষ দেয়া, বাজে কথা বলা, চিঠি ছুড়ে মারা, হাত অথবা ওড়নায় ধরে টান দেয়া, গায়ে হাত দেয়া, পেছনে পেছনে রিকশায়, সাইকেলে বা মোটর সাইকেল নিয়ে অনুসরণ করা, লাইটেস অথবা কার-এর দরজা খুলে রেখে উঠে আসতে বলা ইত্যাদি ইত্যাদি।

কমলগঞ্জ থানায় একটি কলেজ, একটি বয়েজ স্কুল এবং একটি গার্লস স্কুল আছে। এই তিনটি শিক্ষা কেন্দ্রেই ছাত্রীদের উত্যক্ত করতে দেখা যায়। কমলগঞ্জ গণমহাবিদ্যালয়ের সামনের কিছু চায়ের দোকানে এবং কমলগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের চারপাশে বখাটে যুবকদের ঘুরঘুর করতে দেখা যায়। কমলগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়



এবং কমলগঞ্জ বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয়ের চারদিকে এসকল বখাটে যুবকেরা মেয়েদেরকে বেশি উত্যক্ত করে।

মাস তিনেক আগে কমলগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের এক বখাটে ছাত্র ঐ একই স্কুলের এক ছাত্রীকে Kiss দেয় এবং সম্ভ্রমহানির চেষ্টা চালায়। অবশ্য পরে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা তা সালিশের মাধ্যমে বিচার করে দেন (যা বিভিন্ন দৈনিকে প্রকাশিত হয়েছে)। ওই একই বখাটে যুবক আবার এই ঘটনার মাস দেড়েক পর ভানুগাছ রেল স্টেশনের রামপাশা গ্রামের এক ছাত্রীকে লাঞ্ছিত করে। ঐ ছাত্রী ঐদিন স্কুলে আসছিল। পথিমধ্য থেকে তুলে নিয়ে ধর্ষণেরও নাকি চেষ্টা চালায়। এ রকম অসংখ্য ঘটনা একের পর এক চলছেই। কিছুদিন আগে কমলগঞ্জ বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে এক বখাটে যুবক মেয়েদেরকে উত্যক্ত করার অপরাধে পুলিশ প্রশাসন আটক করে। এসকল বখাটে যুবক উত্যক্তকারীদের বিরুদ্ধে কথা বললে বা বিচারপ্রার্থী হলে ছাত্রীদের জীবনে নেমে আসে নানা ঝামেলা। মেয়েদের চরম নিরাপত্তাহীনতার কারণে অভিভাবকরা তাদের মেয়েদের শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাতে ভয় পাচ্ছেন। মেয়েদের স্কুল কলেজের সম্মুখে পুলিশ প্রহরা প্রদান, চিহ্নিত এলাকায় পুলিশ তৎপরতা এবং বখাটেদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দৃষ্টি আকর্ষণ করছি।

প্রিন্স শামীম আহমেদ মেহেদী
ভানুগাছ বাজার, কেরামতনগর
কমলগঞ্জ, মৌলভীবাজার-৩২২১